গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

আসন্ন রমজান উপলক্ষে রমজানের পবিত্রতা রক্ষা করা এবং নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	০৫ জুন, ২০১৬, সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় সিটি কর্পোরেশনের মেয়রবৃন্দ, ঢাকা ওয়াসা ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী উপস্থিত ছিলেন। স্থানীয় সরকার বিভাগের সচিব রমজান মাসের পবিত্রতা রক্ষার বিষয়ে সভার আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করেন। মাননীয় মন্ত্রী সিটি কর্পোরেশনে রমজানের পবিত্রতা রক্ষা করে নাগরিক সেবা নিশ্চিতকল্পে কী কী পদক্ষেপ নেয়া হয়েছে তা জানতে চাইলে উপস্থিত মেয়রগণ এবং প্রধান নির্বাহী কর্মকর্তাগণ তাদের প্রস্তুতি এবং কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। মাননীয় মন্ত্রী রমজান মাসে নাগরিকদের সেবা প্রদান নিশ্চিত করার জন্য সম্মানিত মেয়রগণকে উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এলজিইডি'র প্রধান প্রকৌশলীকে মগবাজার-মৌচাক ফ্লাইওভারের নীচে জনগণের চলাচলে যেন কোন বিঘ্ন সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। মাননীয় মন্ত্রী রমজান মাসে পানি সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি পানি সরবরাহের বিঘ্ন ঘটলে ভ্যান অথবা গাড়ী নিয়ে পানি সরবরাহ করতেও নির্দেশ প্রদান করেন। তিনি ওয়াসাকে রমজান উপলক্ষে পানি সরবরাহ অবাধ রাখার জন্য একটি কন্ট্রোল রুম চালু করার জন্য নির্দেশনা দিয়েছেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	ইফতারী দোকান ও হোটেল রেস্তোরায় ব্যবসায়ীগণ যাতে পচা-বাসী, বিষাক্ত রাসায়নিক ও রংযুক্ত খাবার এবং ভেজাল খাদ্য বিক্রয় করতে না পারে সে লক্ষ্যে তদারকী বৃদ্ধি করা এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে।	সিটি কর্পোরেশন
২।	ফলমূলের দোকান, সবজী বাজার এবং মাছের বাজারে যাতে ফরমালিন মিশ্রিত পণ্য বিক্রি করতে না পারে সেজন্য তদারকী বৃদ্ধি করা এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে।	জেলা প্রশাসন ও সিটি কর্পোরেশন
৩।	রমজান মাসের পবিত্রতা রক্ষার জন্য প্রকাশ্যে কেহ যাতে পানাহার না করতে পারে সেজন্য সংশ্লিষ্টদেরকে উদ্বুদ্ধ করা এবং তদারকী করতে হবে।	সিটি কর্পোরেশন
৪।	নিরাপদ খাদ্য, খাদ্যের পরিচ্ছন্নতা এবং খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে ভোক্তা ও খাদ্য ব্যবসায়ীদের উদ্বুদ্ধকরণ এবং সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।	সিটি কর্পোরেশন
৫।	নগরীর গার্বেজ বিন নিয়মিতভাবে পরিষ্কার করা এবং রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।	সিটি কর্পোরেশন
৬।	ফুটপাতগুলো জনসাধারণের চলাচল নির্বিঘ্ন রাখার জন্য ফুটপাতের অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে।	সিটি কর্পোরেশন
৭।	নগর এলাকায় রাস্তাঘাটের নির্মাণ কাজ ঈদের অন্তত ১০ দিন আগে থেকে বন্ধ রাখার ব্যবস্থা করতে হবে যাতে জনসাধারণের চলাচল নির্বিঘ্ন হয়।	এলজিইডি, সিটি কর্পোরেশন ও ওয়াসা
৮।	নির্মাণ কাজে ব্যবহৃত ইট/রড/শুরকী ও অন্যান্য নির্মাণ সামগ্রী রাস্তায় না	এলজিইডি, সিটি

	রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।	কর্পোরেশন ও ওয়াসা
৯।	নির্মাণ কাজ ও বৃষ্টির জন্য সৃষ্ট রাস্তার গর্ত ও নর্দমা বন্ধ করতে হবে।	এলজিইডি, সিটি কর্পোরেশন ও ওয়াসা
১০।	নগরীর রাস্তায় বৃষ্টির কারণে সৃষ্ট জলাবদ্ধতা নিরসনের জন্য তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া এবং পূর্ব থেকেই কার্যক্রম গ্রহণ করতে হবে।	ওয়াসা ও সিটি কর্পোরেশন
১১।	রমজান মাসে নাগরিকদের সুপেয় ও ব্যবহার্য পানি প্রাপ্তি নিশ্চিত করতে হবে।	ডিপিএইচই, ঢাকা ওয়াসা
১২।	নিয়মিত বাজার পরিদর্শন জোরদার করে সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত দ্রব্যমূল্যের তালিকা প্রকাশ্যে বাজারে টানিয়ে দিতে হবে।	সিটি কর্পোরেশন
১৩।	মগবাজার -মৌচাক ফ্লাইওভার নির্মাণ কাজের জন্য রাস্তায় সৃষ্ট প্রতিবন্ধকতা দ্রুত অপসারণ করতে হবে।	এলজিইডি
১৪।	জনদুর্ভোগ কমানোর উদ্দেশ্যে ইজিবাইকের উৎপাত বন্ধ করার জন্য সড়ক ও যোগাযোগ মন্ত্রণালয়, শ্রম মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ
১৫।	সিটি কর্পোরেশনে ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তাং-০৯/০৬/২০১৬
খন্দকার মোশাররফ হোসেন
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫৪.২০১৪-৬২৭
তারিখঃ ১২/০৬/২০১৬ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। মেয়র,
ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট
বরিশাল/ নারায়ণগঞ্জ/ কুমিল্লা/ রংপুর/ গাজীপুর সিটি কর্পোরেশন।
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট
বরিশাল/ নারায়ণগঞ্জ/ কুমিল্লা/ রংপুর/ গাজীপুর সিটি কর্পোরেশন।
৮। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৯। যুগ্ম-সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
১০। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
১১। উপসচিব (সিঃকঃ-২), স্থানীয় সরকার বিভাগ।
১২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

(কাজী আসাদুজ্জামান)
উপসচিব
ফোনঃ৯৫৭৩৬২৫

E\city corporation\ETC\Regulation